গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-মহাপরিচালক এর কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০১.০০.০০০০.২০-১৫৮০

তারিখ- ১৩ই আগ্রাহয়ণ ১৪২৮ বঙ্গাব্দ।
২৮ অক্টোবর ২০২১ খিস্টাব্দ।

## "প্রশিক্ষণ ক্যাম্প আদেশ"

প্রশিক্ষণ (ভিডিপি) শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা'র স্মারক নং- ৪৪.০৩.০০০০.০৬২.৪০.০৫১.১৭-২৭৫, তারিখ- ২১.১১.২০২১খ্রি. এবং প্রশিক্ষণ নির্দেশিকা ২০২১-২০২২ অনুযায়ী ময়মনসিংহ রেঞ্জাধীন ৪টি জেলার ইউনিয়ন ও ওয়ার্ড দলনেত্রী মৌলিক প্রশিক্ষণ (২য় ধাপ) এবং ইউনিয়ন দলনেত্রী সতেজকরণ প্রশিক্ষণ (২য় ধাপ) নিম্নবর্ণিত তারিখ ও স্থানে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত আদেশ জারী করা হলো। সংশ্লিষ্টদের এই আদেশ প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

১। প্রশিক্ষণের নাম ও মেয়াদ :
ক) ইউনিয়ন ও ওয়ার্ড দলনেত্রী মৌলিক প্রশিক্ষণ (২য় ধাপ)।
০৫/১২/২০২১খ্রি. হতে ২৫/১২/২০২১খ্রি. পর্যন্ত ২১ (একুশ) দিন।
খ) ইউনিয়ন দলনেত্রী সতেজকরণ প্রশিক্ষণ (২য় ধাপ)।
১২/১২/২০২১খ্রি. হতে ২৫/১২২/২০২১খ্রি. পর্যন্ত ১৪ (চৌদ্দ) দিন।

২। প্রশিক্ষণের স্থান : আর. কে মিশন রোড বাশঁবাড়ী আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ।

৩। প্রশিক্ষণার্থীর সংখ্যা/কোটা :

| জেলার নাম | ইউনিয়ন দলনেত্রী মৌলিক | ওয়ার্ড দলনেত্রী মৌলিক | ইউনিয়ন দলনেত্রী সতেজকরণ | সর্বমোট (মৌলিক+সতেজকরণ) |
|---|---|---|---|---|
| ময়মনসিংহ | ০৩ জন | ০০ জন | ২৬ জন | (০৩+০০+২৬)= ২৯ জন |
| নেত্রকোনা | ০০ জন | ০০ জন | ২০ জন | (০০+০০+২০)= ২০ জন |
| জামালপুর | ০০ জন | ০০ জন | ১৪ জন | (০০+০০+১৪)= ১৪ জন |
| শেরপুর | ০২ জন | ০২ জন | ১০ জন | (০২+০২+১০)= ১৪ জন |
| সর্বমোট = | ০৫ জন | ০২ জন | ৭০ জন | ৭৭ জন |

৪। প্রশিক্ষাণার্থীর যোগ্যতা :
ক) আনসার ও ভিডিপি সংগঠনের প্লাটুন ভুক্ত/মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য হতে হবে।
খ) শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ।
গ) প্রশিক্ষণ সনদ/প্লাটুন সনদ, শিক্ষা সনদ, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।
ঘ) বয়স ২২ হতে ৩০ বছর হতে হবে।

৫। সতেজকরণ প্রশিক্ষণার্থীর ক্ষেত্রে যোগ্যতা : কর্মরত ইউনিয়ন দলনেতী, বয়স ৩৫ হতে ৫২ বছর। জ্যেষ্ঠতারভিত্তিতে সতেজকরণ প্রশিক্ষণে প্রেরণ করতে হবে। প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণে যোগদানের সময় জাতীয় পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।

৬। ক্যাম্প অধিনায়ক ও কোর্স ওআইসি : জনাব মুহাম্মদ নূরে আলম সিদ্দিকী, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

৮। কোস অ্যাডজুট্যান্ট : জনাব রত্না, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। তিনি কোর্স অ্যাডজুট্যান্ট/প্রশিক্ষণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং নিম্নবর্ণিত বিষয়গুলো কোর্স ওআইসি'র সঙ্গে আলোচনা করে যথাযথ সম্পাদন করবেন-
ক) প্রশিক্ষণ সুষ্ঠুভাবে পরিচালনা করবেন।
খ) নিয়মিত পরিদর্শন ও তত্ত্বাবধান করবেন।
গ) প্রশিক্ষণের যাবতীয় প্রশাসনিক প্রস্তুতি, কল্যাণ প্রাপ্তি, বিনোদন ও চিকিৎসা ব্যবস্থা ইত্যাদি নিশ্চিত করবেন।
ঘ) পাঠ পরিকল্পনা প্রণয়ন ও অনুসরণ।
ঙ) কোর্স ওআইসির যাবতীয় কার্যক্রমে সহযোগিতা প্রদান।
চ) প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় সংখ্যক শর্টগান ময়মনসিংহ রেঞ্জ অস্ত্রাগার হতে উত্তোলন এবং প্রশিক্ষণ শেষে জমা করবেন।
ছ) শ্রেণী কক্ষ ও বহিরাঙ্গনে পরিচালিত ক্লাশসমূহের তত্ত্বাবধান ও আয়োজন করবেন।
জ) প্রশিক্ষণার্থীদের গমণাগমণ নিয়ন্ত্রণ করবেন।
ঝ) ভর্তি ও অন্যান্য রেজিষ্টার সংরক্ষণ করবেন।
ঞ) প্রশিক্ষণ ক্যাম্পের সার্বিক শৃংখলা বজায় রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।
ট) প্রশিক্ষণ সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণসূচী তৈরী করবেন এবং তদানুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করবেন।

| | | | |
|---|---|---|---|
| | প্রশিক্ষণ কোয়ার্টার মাষ্টার | : | জনাব মোহাম্মাদ ওসমান গনি, সার্কেল অ্যাডজুট্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ। তিনি প্রশিক্ষণ ক্যাম্পের কোয়ার্টার মাষ্টারের দায়িত্বপালন করবেন এবং নিম্নবর্ণিত বিষয়গুলো কোর্স ওআইসি'র সঙ্গে আলোচনা করে যথাযথ সম্পাদন করবেন-<br>ক) প্রশিক্ষনার্থীদের মধ্য হতে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট ১টি মেস কমিটি গঠন করবেন।<br>খ) ক্যাম্প উপ-অধিনায়কের সাথে আলোচনাক্রমে প্রস্তুতকৃত মেন্যু মোতাবেক প্রশিক্ষণার্থীদের যথাসময়ে খাদ্য সরবরাহ নিশ্চিত করবেন।<br>গ) দৈনিক বাজার খরচ সম্বিলিত নগদান বহিঃ/রেজিষ্টার সংরক্ষণ করবেন এবং মিল/ দৈনিক হাজিরা রেজিষ্টার সংরক্ষণ করবেন।<br>ঘ) প্রশিক্ষণের উপকরণ সংগ্রহ ও সরবরাহ করবেন।<br>ঙ) মেস রেজিষ্টার সংরক্ষণ করবেন।<br>চ) প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতার ফারক্ষতি তৈরী ও সংরক্ষণ করবেন। |
| ১০। | প্রশিক্ষকবৃন্দ | : | নাছিমা বেগম, উপজেলা প্রশিক্ষিকা,ইটনা,কিশোরগঞ্জ, সংযুক্ত-ময়মনসিংহ রেঞ্জ এবং ময়মনসিংহ রেঞ্জ কার্যালয়ে মোতায়েনকৃত ৬/১২ আনসার ব্যাটালিয়নের ৪ (চার) জন সদস্য। তারা ক্যাম্প অধিনায়ক এবং কোর্স ওআইসি'র নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ ক্যাম্পে সংশ্লিষ্ট সকল কাজে সহযোগিতা প্রদানসহ নিম্নবর্ণিত বিষয়গুলি যথাযথভাবে সম্পাদন করবেন।<br>ক) প্রশিক্ষণসূচী অনুযায়ী প্রশিক্ষণার্থীদের হাতে-কলমে শিক্ষা দান করবেন।<br>খ) প্রশিক্ষণ ক্যাম্পে উপস্থিত থেকে দায়িত্ব কর্তব্য সুষ্ঠুভাবে পালন করবেন। |

মুহাম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক
১২ আনসার ব্যাটালিয়ন ও
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৬১.০০১.০০.০০০০.২০-১৬৮০

তারিখ- ১৩ অগ্রাহয়ণ ১৪২৮ বঙ্গাব্দ।
২৮ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ।

**অনুলিপি :-**

| | | |
|---|---|---|
| ১। | প্রশিক্ষণ (ভিডিপি) শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | জেলা কমান্ড্যান্ট<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>ময়মনসিংহ/নেত্রকোনা/জামালপুর/শেরপুর। | অবগতি ও যথাসময়ে প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য। |
| ৩। | জনাব...............................................<br>.....................................................<br>..................................................... | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪। | অফিস কপি। | |

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।